

খেয়া



স্থাপিত : ১৯৯২

বালিগঞ্জ জগদ্বন্ধু ইনসটিটিউশন অ্যালমনি অ্যাসোসিয়েশন

রেজি নং S/73377 under WB Act XXVI of 1961

২৫, ফার্ন রোড, কলকাতা - ৭০০ ০১৯, ফোন : 65100696

e-mail : jbi.alumni.1914@gmail.com

Website : www.jagadbandhualumni.com

Facebook : www.facebook.com/jbialumni

Blog : <http://jagadbandhualumni.com/wordpress/>

RNI No. WBBEN/2010/32438 IRegd. No. : KOL RMS / 426 / 2011-2013

● Vol 03 ● Issue 3-4 ● Mar & April 2014 ● Price Rs. 2.00

প্রসঙ্গ 'খেয়া' পত্রিকা প্রকাশন :

RNI অনুমতির পুনর্নবিকরণের কারণে আপাতত খেয়া পত্রিকাটি ডাক মারফত পাঠানো সম্ভব হচ্ছে না। এর জন্য আমরা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি। কিন্তু প্রথা অনুসারে খেয়া প্রকাশ হবে এবং website -এ থাকবে। এবং যাদের E-mail ID অ্যালমনি তথ্য ভাডারে আছে তাঁদেরও খেয়া মেল করা হবে। সদস্যদের কাছে অনুরোধ website -এ সদস্য তালিকায় দেওয়া আপনার তথ্য-এ যদি E-mail ID না থাকে তবে Feedback-এ আপনার Mail IDটা জানান।

প্রতি মাসের ২০ তারিখের পর সেই মাসের মুদ্রিত খেয়া অ্যালমনি অফিস থেকে প্রতি বুধবার সন্ধ্যা ৭-৩০ থেকে ৮-৩০ এবং রবিবার সকাল ১১-৩০ থেকে ১২-৩০ এর মধ্যে এসে সংগ্রহ করতে পারেন।

Website : www.jagadbandhualumni.com

e-mail : jbi.alumni.1914@gmail.com



বৈশাখী বৈঠক ১৪২১

সদ্য শতবর্ষ পুনর্মিলন উৎসবের পর বৈশাখী বৈঠকে আমরা আবার মিলিত হওয়ার প্রয়াসী হয়েছি। আগামী ১২ বৈশাখ ১৪২১, ২৬ এপ্রিল ২০১৪ শনিবার সন্ধ্যে সাতটায় আমরা প্রাক্তনীর কথায় গানে আর নানাবিধ আলাপচারিতার মধ্য দিয়ে এই বৈঠককে সুন্দর করে তুলব। এই অনুষ্ঠানে সদস্যদের সপরিবারে সাদর আমন্ত্রণ রইল। আপনার পরিচিত অন্যান্য প্রাক্তনীদের আসতে বলুন। গ্রীষ্মের দাবদাহে প্রাক্তনীদের গল্প-গানে এক মনোরম সন্ধ্যা গড়ে উঠবে।

আজীবন সদস্যপদ

অ্যালমনি অ্যাসোসিয়েশনের দুই ধরনের সদস্যপদ আছে। **General** আর **Life Member**। অনেকজন আছেন, যারা **General Member**। তাঁদের প্রতি বিশেষ অনুরোধ, মাত্র ৫০০ টাকার বিনিময়ে আপনার সদস্যপদটি 'আজীবন সদস্য' পদে রূপান্তরিত করুন। এ ক্ষেত্রে আপনার বার্ষিক অদেয় অনুদান দিতে হবে না। পাঁচশ টাকা দিয়েই আজীবন সদস্যের সুবিধা পান।

এ — আপনার অ্যালমনি অ্যাসোসিয়েশনের পক্ষে সহায়ক হবে। প্রাসঙ্গিক বিষয়ে কিছু জানতে হলে ৯৮৩০৫৭৯২৩০ বা jbi.alumni.1914@gmail.com এ যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

খেয়া পত্রিকার জন্য লেখা

প্রাক্তনীদের কাছ থেকে 'খেয়া' পত্রিকার জন্য বিদ্যালয় কেন্দ্রিক অথবা অন্য কোনো সৃজনমূলক বিষয়ে রচনা আহ্বান করা হচ্ছে। স্কুল আমাদের সকলের কাছেই ফেলে আসা দিনের উজ্জ্বল স্মৃতি, সেই স্মৃতির ভাঙারে টান পড়লেই দেখবেন এক ফল্লুধারার মত উৎসারিত হতে থাকবে আপনার ধূলিধূসরিত অথচ সুন্দর স্মৃতিকথা। শুধু স্মৃতি মেদুরতাই নয়, আপনার নিজস্ব বিষয়ে যা আপনার কর্মপরিধিকে বিস্তৃত করেছে বিস্তৃততর ক্ষেত্রে, সেই প্রসঙ্গে কোন লেখা আমাদের সবার সঙ্গে ভাগ করে নিতে চাইলে বা পারলে আপনি এবং আমরা উভয়েই আনন্দিত হব। তাই কালক্ষেপ না করে খাতা-কলম নিয়ে বসে পড়তে পারেন টেবিলে কিংবা ল্যাপটপে।

আপনার মৌলিক লেখাটি বাংলা ওয়ার্ড-এ বা হাতে লিখে স্ক্যান বা PDF করেও E-mail করতে পারেন।

শতবার্ষিকী স্মারক সংকলন

জগদ্বন্ধু ইনসটিটিউশন

শতবার্ষিকী

স্মারক

সংকলন

২০১৪



স্কুলের শতবর্ষ ঘিরে প্রাক্তনীদেব যে উন্মাদনা বা উত্তেজনা তা উজাড় করে গড়ে উঠেছে এই শতবার্ষিকী সংকলন। বিভিন্ন প্রাক্তনীদেব লেখায় স্মৃতির অতলে ডুব দিয়ে তাঁরা তুলে এনেছেন তাঁদের ফেলে আসা দিনের মণিমাণিক্য। ১৯১৫ সাল থেকে সদ্য ২০১৩ সালের প্রয়াত এবং জীবিত প্রায় বাহাত্তর জন ছাত্রের স্মৃতিচারণায় স্কুলের ১০০ বছরের এক স্কেচ গড়ে উঠেছে। যে কোন স্কুলের ক্ষেত্রেই এ এক দুর্লভ বস্তু। স্কুলের প্রথম ছাত্রের লেখায় সেই প্রথম দিনের অর্থাৎ ১০০ বছর আগের সেই উজ্জ্বল দিনটার কথা পড়তে গেলে সত্যিই রোমাঞ্চ লাগে। ধাপে ধাপে এগিয়ে চলেছে বছরের পর বছর নানান ছাত্রের স্মৃতিচারণা। শুধু স্মৃতিচারণাই নয় স্বল্পপরিসরে স্কুলের শতবর্ষের এক ইতিহাস এখানে মলাটবন্দী হয়ে রয়েছে।

প্রাক্তনীদেব লেখায় বিভিন্ন শিক্ষকদেব প্রতি যে শ্রদ্ধা যে অভিব্যক্তি প্রকাশিত হয়েছে তা সত্যিই অনন্য। ১০০ বছরের শিক্ষকধারা বিভিন্ন ছাত্রের লেখাতে বেশ স্পষ্ট হয়ে উঠেছে। হালআমলের প্রাক্তনীদেব লেখায়

বর্তমান শিক্ষকদেব প্রসঙ্গ এসে পড়ায় শুধু প্রাক্তন শিক্ষকরাই নয় বর্তমান শিক্ষকরাও স্বমহিমায় বর্তমান। এ সংকলন যেন শতবর্ষের শিক্ষকদেব প্রতি প্রকৃত শ্রদ্ধাজ্ঞাপন। বইটির প্রচ্ছদে স্কুলকে পরিপ্রেক্ষিত করে এক বিশাল ঘড়ি যা সময়কে প্রতীক করে গড়ে উঠেছে। সুন্দর ঝকঝকে ছাপা আর উপরি পাওনা হিসেবে যে কথা বলতেই হয় — তা হল প্রাক্তন মাস্টারমশাই বিশিষ্ট চিত্রকর শ্যামল দত্তরায়ের প্রাসঙ্গিক চার রঙের 'ক্লাসঘর' ছবিটি।

সুতরাং এই সংকলনটি সংগ্রহে রাখার মতো একটি 'বিষমবস্তু'। এই সংকলনের মূল্য ২০০ টাকা। এটি পাওয়া যাচ্ছে অ্যালমনি অফিসে, অফিসের সময় আপনি নিজে এসে বা কাউকে পাঠিয়ে সংগ্রহ করতে পারেন।

এ বিষয়ে আরও কিছু জানতে আমাদের ওয়েবসাইট www.jagadbandhualumni.com-এ অথবা ফোন করতে পারেন ৯৮৩০৫৭৯২৩০ নম্বরে।

শতবর্ষের আলোকে তথ্যচিত্র



বিশিষ্ট চিত্র পরিচালক প্রাক্তনী শ্রী রাজা মিত্র '৬১ বিদ্যালয়ের গবেষণালব্ধ শতবর্ষের ইতিহাস তথ্যচিত্রের মাধ্যমে তুলে ধরেছেন। যে তথ্য চিত্রে বিভিন্ন প্রাক্তনীদেব স্মৃতিচারণায় উঠে এসেছে তাঁদের সময়কার ব্যক্তিগত অনুভব, শিক্ষকদেব প্রতি আনুগত্য শিক্ষার রীতি ইত্যাদি প্রসঙ্গ। পুরনো দিনের স্কুল প্রাঙ্গণ স্কুলে গড়ে ওঠা ফিকে হয়ে যাওয়া ছবির মতো সমস্তই রাজা মিত্রের সুচারু পরিচালনায় ফুটে উঠেছে এই তথ্য চিত্রে।

এই তথ্যচিত্রের সিডি মাত্র ১০০ টাকায় অ্যালমনি অফিসে পাওয়া যাচ্ছে।